# এরিটোন® আইভি

## মাল্টিভিটামিন

**উপস্থাপন**
এরিটোন® আইভি হচ্ছে পানিতে দ্রবনীয় ভিটামিন সূমহের জীবাণুমুক্ত, লায়োফিলাইজড মিশ্রন।
প্রতিটি ১০ মি.লি. ভায়ালে রয়েছে:

| | | |
|---|---|---|
| ভিটামিন বি১ | বিপি | ২.৫ মি.গ্রা. |
| ভিটামিন বি২ | বিপি | ৩.৬ মি.গ্রা. |
| নিকোটিনামাইড | বিপি | ৪০ মি.গ্রা. |
| ভিটামিন বি৬ | বিপি | ৪ মি.গ্রা. |
| প্যানটোথেনিক এসিড | বিপি | ১৫ মি.গ্রা. |
| এসকরবিক এসিড | বিপি | ১০০ মি.গ্রা. |
| বায়োটিন | বিপি | ০.০৬ মি.গ্রা. |
| ফলিক এসিড | বিপি | ০.৪ মি.গ্রা. |
| ভিটামিন বি১২ | বিপি | ০.০০৫ মি.গ্রা. |

**বিবরণ**
এরিটোন আইভি হচ্ছে পানিতে দ্রবনীয় ভিটামিন সূমহের জীবাণুমুক্ত, লায়োফিলাইজড, হলুদ মিশ্রন যা শিরাপথে ইনফিউশ্ন হিসেবে ব্যবহারের জন্য। এতে পানিতে দ্রবণীয় সকল ভিটামিন সমূহ পরিমিত পরিমানে রয়েছে। এটা হলো ভিটামিন বি১, ভিটামিন বি২, নিকোটিনামাইড, ভিটামিন বি৬, প্যানটোথেনিক এসিড, এসকরবিক এসিড, বায়োটিন, ফলিক এসিড এবং ভিটামিন বি১২ এর জীবণুমুক্ত লায়োফিলাইজড মিশ্রন।

**নির্দেশনা ও ব্যবহার**
এরিটোন আইভি শিরাপথে ব্যবহার্য সম্পূরক পুষ্টি হিসেবে নবজাতক, শিশু ও পূর্ণ বয়স্কদের প্রতিদিনের পানিতে দ্রবনীয় ভিটামিন সমূহের চাহিদা পূরণের জন্য নির্দেশিত।

**মাত্রা ও বিধি**
**পূর্ণবয়স্ক ও শিশুর বয়স ১১ বছর বা অধিক হলে:** প্রতিদিন ১টি ভায়াল (১০ মি.লি.)
**শিশুর বয়স ১১ বছরের চেয়ে কম হলে:**
শিশুর ওজন ১০ কেজি এর কম হলে প্রতিদিন শরীরে ওজনের প্রতি কেজিতে ১ মি.লি. অনুপাতের হিসাবে দ্রবনীয় মিশ্রণ দিতে হবে।
শিশুর ওজন ১০ কেজি বা তারচেয়ে বেশি হলে দ্রবণীয় মিশ্রনের ১০মি.লি.(এক ভায়াল) প্রতিদিন

**ব্যবহার বিধি**
এরিটোন আইভি এর উপাদান সমূহ প্রথমে দ্রবীভূত করতে হবে এবং পরে ইনফিউশন এর জন্য লঘুকরণ করতে হবে। জীবাণুমুক্ত উপায়ে ভায়ালের সর্ম্পূন উপাদানকে নিম্নলিখিত যেকনো একটি দ্রবন দ্বারা দ্রবীভূত করতে হবে-
১. ওয়াটার ফর ইনজেকশন অথবা
২. ইনফিউশনের জন্য ব্যবহৃত গ্লুকোজ দ্রবন (৫%-৫০%) অথবা
৩. ফ্যাট ইমালসন (১০%) অথবা
৪. নরমাল স্যালাইন (০.৯% সোডিয়াম ক্লোরাইড) ।
যদি স্থায়িত্ব ও সামঞ্জস্যতা নিশ্চিত করা যায় তবে এরিটোন আইভিকে কার্বোহাইড্রেট, লিপিডস, অ্যামাইনো এসিডস এবং ইলেট্রোলাইটস মিশ্রিত অন্যান্য প্যারেনটেরাল দ্রবনের সাথে মিশ্রিত করা যাবে।

**পার্শ্ব প্রতিক্রিয়া**
কিছু কিছু রোগীর অ্যালার্জিক ক্রিয়া হতে পারে যদি এই ওষুধের কোনো উপাদান যেমন মিথাইল প্যারাহাইড্রক্সি বেনজোয়েট অথবা থায়ামিন এর প্রতি সংবেদনশীলতা থাকে। তবে থায়ামিন সম্বলিত ইনফিউশন একাধিকবার ব্যবহারের ফলে অ্যানাফাইল্যাকটয়েড ক্রিয়া হওয়ার ঘটনা খুবই কম দেখা গেছে। যে সকল রোগী নিকোটিনামাইড এর প্রতি সংবেদনশীল তাদের ক্ষেত্রে চামরায় চুলকানি, জ্বালাপোড়া ও লাল দাগ হতে পারে। শিরাপথে পানিতে দ্রবণীয় ভিটামিন সমূহ দেওয়ার ফলে আরো যে সকল পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যেতে পারে সেগুলো হলো-অ্যালার্জিক ক্রিয়া যেমন অ্যানাফাইলেক্সিস, ডারমাটোলজিক্যাল ক্রিয়া যেমন ফাসিং, ইরাইথিমা এবং প্রুরিটাস, কেন্দ্রিয় স্নায়ুতন্ত্রের ক্রিয়া যেমন মাথা ব্যাথা, ঘুমঘুম ভাব ও অধিকতর উত্তেজনা ইত্যাদি।

**সতর্কতা**
এরিটোন আইভি লঘুকরণ ছাড়া দেয়া যাবে না। এরিটোন আইভিকে পানি মিশ্রিত দ্রবন দ্বারা দ্রবীভূত করা হলে অবশ্যই আলো থেকে দূরে রাখতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে**
গর্ভাবস্থায় এই ওষুধের নিরাপদ ব্যবহার প্রতিষ্ঠিত হয়নি। তবে এক্ষেত্রে কিছু প্রতিবেদনে পানিতে দ্রবণীয় ভিটামিন সমূহের নিরাপদ ব্যবহারের কথা বলা হয়েছে।

**প্রতিনির্দেশনা**
যদি কোনো উপাদান যেমন থায়ামিন এর প্রতি সংবেদনশীলতা থাকে তবে এই ওষুধ প্রতিনির্দেশিত।

**ড্রাগ ইন্টার‍্যাকশন**
ফলিক এসিড রক্তরসে ফিনাইটয়িন এর ঘনত্ব কমিয়ে দিতে পারে। ভিটামিন বি৬, লিভোডোপা এর কার্যকারিতা কমিয়ে দিতে পারে।

**মাত্রাধিক্য**
খুবই উচ্চমাত্রার প্যারেনটেরাল ডোজ ব্যতিত পানিতে দ্রবণীয় ভিটামিন সমূহের কোন প্রকার পার্শ্বপ্রতিক্রিয়া পাওয়া যায়নি। যদি এরিটোন আইভি এর উপাদান সমূহ অন্য কোন মাল্টিভিটামিন এর সাথে মিশানো হয় তবে ভিটামিন এ ও ডি এর হাইপারভিটামিনোসিস হতে পারে।

**সংরক্ষণ**
দ্রবন মিশ্রণের আগে: ২৫ °সে. তাপমাত্রার নিচে সংরক্ষণ করতে হবে এবং আলো থেকে দূরে রাখতে হবে।
দ্রবন মিশ্রণের পরে: পুর্ণর্গঠিত এরিটোন আইভি প্রয়োগের ঠিক পূর্ব মূহর্তে ইনফিউশন দ্রবণের সাথে মিশাতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে।

**বানিজ্যিক মোড়ক**
এরিটোন® আইভি ইনফিউশন: প্রতি বক্সে আছে মাল্টিভিটামিনের ১টি ভায়াল, একটি ১০ মি.লি. জীবানুমুক্ত ডিসপোজেবল সিরিঞ্জ, একটি বোতলে ১০০ মি.লি. নরমাল স্যালাইন, একটি ইনফিউশন সেট, হ্যাঙ্গার, ফার্স্ট এইড ব্যান্ড এবং অ্যালকোহল প্যাড।

প্রস্তুতকারক
incepta **ইনসেপ্‌টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
ঢাকা, বাংলাদেশ
® রেজিস্টার্ড ট্রেডমার্ক।